



ভলান্টারী এসোসিয়েশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ভার্ড)

জরুরী নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় পর্যায়ে কর্মরত বেসরকারী উন্নয়ন সংস্থা ভলান্টারী এসোসিয়েশন ফর রুরাল ডেভেলপমেন্ট (ভার্ড)-এর বিভিন্ন কর্মসূচীতে বিভিন্ন দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহযোগিতায় পরিচালিত নিম্নবর্ণিত শূন্য পদসমূহের জন্য আগ্রহী কর্মী নিয়োগ করা হবে।

১। প্রজেক্ট ম্যানেজার (ECCO) -০১ জন : শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ ব্যবস্থাপনা /সমাজকর্ম/ সমাজবিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী। জাতীয় পর্যায়ের এনজিওতে সংশ্লিষ্টপদে ৫-৭ বছরের কাজের অভিজ্ঞতা। ইংরেজীতে প্রকল্পের প্রতিবেদন প্রস্তুত এবং মাঠপর্যায়ে শিক্ষা কার্যক্রম ব্যবস্থাপনা ও বাস্তবায়নে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। পার্টনারশীপ ব্যবস্থাপনা কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। কম্পিউটারে MS Word, Excel এ কাজের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। মোটর সাইকেল চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। বয়স : অনূর্ধ্ব ৩৫ বছর। কর্মস্থল ও কাজের ধরনঃ সিলেট জেলা সদরে অবস্থান করে Effort for Capacity- building of Community based Organization (ECCO) Project এর অধীনে প্রজেক্ট ম্যানেজার পদে দায়িত্বপালন করতে হবে। সর্বসাকুল্যে মাসিক বেতনঃ ৩০,০০০.০০ টাকা।

২। মেডিকেল অফিসার - ০৩ জন : শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ এম.বি.বি.এস.পাশ। BMDC এর বৈধ সার্টিফিকেট থাকা আবশ্যিক। বয়সঃ সর্বোচ্চ ৪০ বছর। কর্মস্থল ও কাজের ধরনঃ ভার্ড চক্ষু হাসপাতাল, বালাগঞ্জ, সিলেট এবং সুনামগঞ্জ এর অধীনে মেডিক্যাল অফিসার পদে দায়িত্বপালন করা। সর্বসাকুল্যে মাসিক বেতনঃ ৩৫,০০০/= টাকা।

৩। প্যারামেডিক্স -০৩ জন : শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ ডিপ্লোমা কোর্স অফ মেডিকেল এসিস্টেন্ট /নার্সিং ডিপ্লোমা / সরকার অনুমোদিত যে কোন প্রতিষ্ঠান থেকে ৩ বৎসরের প্যারামেডিক্স কোর্সের প্রশিক্ষণ থাকতে হবে। কর্মস্থল ও কাজের ধরনঃ ভার্ড চক্ষু হাসপাতাল, সুনামগঞ্জ এর অধীনে প্যারামেডিক্স পদের দায়িত্বপালন করা। মাসিক বেতনঃ ৮,৪০০/=টাকা।

৪। ফিল্ড এডুকেশন এসিস্টেন্ট -০২ : শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতাঃ কমপক্ষে এইচএসসি পাশ। সংশ্লিষ্ট পদে ব্রাইল এডুকেশন এর উপর প্রশিক্ষণসহ কমপক্ষে ২ বছরের কাজের অভিজ্ঞতা আবশ্যিক। বয়স : অনূর্ধ্ব ৩৫ বছর। মাসিক বেতনঃ ৯,০০০/=টাকা। কর্মস্থলঃ ভার্ড চক্ষু হাসপাতাল, ইকবালনগর, সুনামগঞ্জ এর অধীনে PIEME-CVID প্রকল্প এর ফিল্ড এডুকেশন এসিস্টেন্ট পদের দায়িত্বপালন করা।

৬। গ্রাইন্ডার এটেনডেন্ট-০১ঃ কমপক্ষে এসএসসি পাশ। অভিজ্ঞ প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে। বয়স : অনূর্ধ্ব ৩৫ বছর। মাসিক বেতনঃ ৩,৮৫৯.০০টাকা। কর্মস্থলঃ ভার্ড চক্ষু হাসপাতাল, ইকবালনগর, সুনামগঞ্জ।

সকল পদে অন্যান্য সুযোগ সুবিধাদি সংস্থার নিয়মানুযায়ী প্রদান করা হবে। উপযুক্ত নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

- ক্রমিক নম্বর ২,৩ এবং ৫নম্বর পদের জন্য আগ্রহী প্রার্থীদেরকে আগামী ২১/০১/২০১২ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় সংস্থার হেড অফিসঃ বাড়ি # ৫৫৪ (৪র্থ তলা - ৬ষ্ঠ তলা), রোড # ৯, বাইতুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭ -এই ঠিকানায় ২ কপি রঙ্গীন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্বের সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি এবং দুইজন প্রত্যয়নকারীর নাম, ঠিকানা, টেলিফোন নম্বরসহ পূর্ণ জীবন বৃত্তান্ত ও আবেদন পত্রসহ সরাসরি সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য আহ্বান করা যাচ্ছে। ক্রমিক নম্বর ১ এবং ৪নং পদের জন্য আগ্রহী প্রার্থীদেরকে উপরোক্ত ঠিকানায় বর্ণিত কাজপত্রাদি সহ আবেদনপত্র আগামী ২৬/০১/২০১২ তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আবেদনপত্র প্রেরণ করার জন্য আহ্বান করা যাচ্ছে। সরাসরি যোগাযোগের জন্য আবেদনপত্রে প্রার্থীর মোবাইল/টেলিফোন নম্বর অবশ্যই স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট পদে শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের সাথে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য টেলিফোন/মোবাইল এ যোগাযোগ করা হবে এবং বিশেষক্ষেত্রে ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে।
- সংশ্লিষ্ট পদে অনভিজ্ঞ, কম যোগ্যতাসম্পন্ন এবং ইতিপূর্বে অনুরূপ পদে কেউ আবেদন করে ইন্টারভিউ দিয়ে থাকলে পুনরায় সাক্ষাৎকারে অংশ গ্রহণ কিংবা আবেদন করার প্রয়োজন নেই। সংশ্লিষ্ট পদে শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের সাথে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য টেলিফোন/মোবাইল এ যোগাযোগ করা হবে এবং বিশেষক্ষেত্রে ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে। অত্র সংস্থায় বর্তমানে কর্মরত কোন কর্মী উপরোক্ত যে কোন পদে আবেদন করতে আগ্রহী হলে তাকে অবশ্যই সংশ্লিষ্ট ব্যবস্থাপকের মাধ্যমে আবেদন করতে হবে।
- লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নিয়োগ সংক্রান্ত অ-পদ্ধতিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র এবং অভিজ্ঞতার মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।

উপ-পরিচালক (এডমিন)- এইচআরডি, ভার্ড।